

গোপালগঞ্জ বীণাপানি বালিকা বিদ্যালয়

## আসন সংখ্যা কমিয়ে দেয়ায় ছাত্রী ভর্তিতে সমস্যা

গোপালগঞ্জ শহরে সরকারী বীণাপানি উচ্চ বালিকা বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর একটি বিভাগ কমিয়ে দেয়ায় শহরের মেয়েরা ভর্তি সমস্যায় পড়েছে।

এই বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে তিনটি বিভাগ ছিল। প্রতিটি বিভাগে ৮০ জন করে মোট ২৪০ জন ছাত্রী ভর্তি করা হতো। কিন্তু এ বছর একটি বিভাগ কমিয়ে দুটি বিভাগে মোট ১২০ জন ছাত্রীর আসন সীমিত করা হয়েছে। ফলে মেয়েরা স্কুলে ভর্তির সমস্যায় পড়েছে।

শহরে পশ্চিম দিকে গোপালগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয় নামে একটি বিদ্যালয় থাকলেও পড়াশেখার মান ও পরিবেশ ভাল না থাকায় সেখানে অভিভাবকরা তাদের মেয়েদের ভর্তি করতে চান না।

বীণাপানি উচ্চবালিকা বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকার সংখ্যা গত বছর যা ছিল বর্তমানেও তাই আছে। ষষ্ঠ শ্রেণীতে একটি বিভাগ কেন কমানো হলো জানতে চাইলে স্কুলের প্রধান শিক্ষিকা মিসেস নুরুনুহার জানান ডিজি অফি থেকে ষষ্ঠ শ্রেণীতে ১২০ জন ছাত্রীর জন্য দুটি বিভাগের অনুমোদন আছে। কিন্তু গোপালগঞ্জ শহরে বালিকাদের জন্য অন্য কোন ভাল স্কুল না থাকায় এই স্কুলে অভিভাবকরা ছুটে আসেন মেয়েদের ভর্তি করানোর জন্য। মেয়েদের পড়াশেখার স্বার্থের দিকে তাকিয়ে শিক্ষক-শিক্ষিকারা সিদ্ধান্ত নিয়ে ষষ্ঠ শ্রেণীতে দুটি বিভাগের স্থলে তিনটি বিভাগ করেন।

তিনটি বিভাগে প্রায় আড়াই শত মেয়ে ভর্তি করা হতো।

শিক্ষক-শিক্ষিকারা তিনটি বিভাগেই ক্লাস নিয়ে থাকেন। মেয়েরা পরীক্ষার ফলাফল ও ভাল করে থাকে। চশতি বছরে স্কুলের পরিচালনা পরিষদের এক সভায় ষষ্ঠ শ্রেণীতে তিনটি বিভাগের পরিবর্তে দুটি বিভাগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা প্রশাসক পরিচালনা পরিষদের সভাপতি। বীণাপানি সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে দুটি বিভাগের স্থলে তিনটি বিভাগ চালু করার অনুমোদনের জন্য যথাসম্ভব কর্তৃপক্ষের নিকট চাইীদের অভিভাবকবৃন্দ দাবী জানিয়েছেন।